দৈনিক সংবাদ

তারিখ 17 NOV 1992
পৃষ্ঠা ১ কলাম ৮

# উপাচার্য নির্বাচন নিয়ে ঢাকা ভার্সিটিতে জল্পনা-কল্পনা

।। হাফিজুর রহমান ।।

অধ্যাপক এমাজউদ্দিন আহমেদকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অস্থায়ী উপাচার্য হিসাবে নিয়োগ করার পর ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক রাজনীতিতে বিভিন্নধর্মী মেরুকরণ লক্ষ্য করা যাচ্ছে।

একটি সূত্রমতে এমাজউদ্দিন আহমদকে সাদা দল থেকে মনোনয়ন দেয়া হবে কি হবে না– এ প্রশ্নে সাদা দলের বিএনপিপন্থী অংশ, পাঁচদলপন্থী অংশ এবং জামাতপন্থী অংশ পৃথক হয়ে যেতে পারে। পৃথক হয়ে যাবার পর পাঁচদলপন্থী অংশের সাথে

উপাচার্য ঃ পৃঃ ১২ কঃ ৫

## উপাচার্য ঃ ভার্সিটিতে জল্পনা-কল্পনা

( ১ম পৃষ্ঠার পর )

মুক্তিযুদ্ধের পক্ষের নীল দল ও গোলাপী দলের সংগে বৃহত্তর ঐক্য হতে পারে।

সাদা দলের ভাংগন অনিবার্য কিনা এ ব্যাপারে জানতে চাওয়া হলে সাদা দলের একজন নেতৃস্থানীয় শিক্ষক অত্যন্ত দৃঢ়তার সাথে বলেন, সাদা দল ভেংগে যাবার কোন সম্ভাবনা নেই। তিনি বলেন, এমাজউদ্দিন আহমদ কখনো সাদা দলের রাজনীতির সংগে যুক্ত ছিলেন না। তাই তাকে সাদা দল থেকে মনোনয়ন দেয়া নিয়ে সাদা দল ভেংগে যাবার প্রশ্ন অবান্তর।

ঢাকা বিশ্ববিদ্যালয় সিনেটের ১শ' ৪ জন সদস্যের মধ্যে নীল দলের ২৮ জন, গোলাপী দলের ৩/৪ জন এবং সরকার মনোনীত ২০/২৫ জন সদস্য বাদে বাকী সদস্য সাদা দলের।

বিশ্বস্ত সূত্রে জানা গেছে, সাদা দল যদি অধ্যাপক এমাজউদ্দিন আহমদকে মনোনয়ন না দেয় তবে এমাজউদ্দিন সাদা দলের ভোট পাবেন না। ওদিকে নীল দল এমাজউদ্দিন আহমদকে ভোট দেবে না। পরিস্থিতি যদি এমন হয় তবে এমাজউদ্দিন আহমদের তৃতীয় সর্বোচ্চ ভোট না পাবার সম্ভাবনা বেশি। সেক্ষেত্রে ৩ মাস পরে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য পদে নতুন কোন ব্যক্তিকে দেখা যেতে পারে।